



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/8/2022

গভর্নর ক্যাথি হোকল

ওয়েস্টার্ন নিউ ইয়র্কে NYS ফ্রুওয়েতে পেভমেন্ট উন্নয়ন প্রকল্পগুলোতে 46 মিলিয়ন ডলার বিনিয়োগ সম্পর্কে গভর্নর হোকলের ঘোষণা

*প্রকল্প দুটিতে গিনিস ও এরি কাউন্টিতে 100 লেন মাইলেরও বেশি রাস্তায় নতুন আস্তরণ বসানো হবে*

*নতুন সড়ক পৃষ্ঠ ফ্রুওয়ের এই অংশ দিয়ে প্রতি বছর ভ্রমণকারী 14.6 মিলিয়নেরও বেশি মোটরযান চালকদের উপকৃত করবে*

**প্রকল্পগুলো 2023 সালে সম্পন্ন হবে বলে প্রত্যাশা করা হচ্ছে**

গভর্নর ক্যাথি হোকল আজ এরি ও গিনিস কাউন্টিতে নিউ ইয়র্ক স্টেট ফ্রুওয়েতে (I-90) দুইটি পেভমেন্ট উন্নয়ন প্রকল্পের জন্য 46 মিলিয়ন ডলার বিনিয়োগের ঘোষণা দিয়েছেন। এই দুইটি প্রকল্পে এক্সিট 47 (রচেস্টার - লিরয় - I-490 - NY রুট 19) থেকে এক্সিট 48A (পেমব্রোক - মেডিনা - NY রুট 77)-এর মধ্যবর্তী ফ্রুওয়েতে 100 লেন মাইলেরও বেশি রাস্তায় নতুন করে আস্তরণ বসানো হবে।

"ভবিষ্যত প্রজন্মগুলোর জন্য আমাদের পরিবহন ব্যবস্থা নিরাপদ ও নির্ভরযোগ্য থাকার বিষয়টি নিশ্চিত করতে নিউ ইয়র্ক সড়ক, সেতু, ও অন্যান্য অবকাঠামো পুনর্নির্মাণ ও উন্নয়নের জন্য বিলিয়ন বিলিয়ন ডলার বিনিয়োগ করছে," বলেছেন গভর্নর হোকল। "ওয়েস্টার্ন নিউ ইয়র্কে প্রবেশের গেটওয়ে হিসেবে ফ্রুওয়ের এই 26-মাইল দীর্ঘ অংশটি যাত্রী, পর্যটক, ও বাণিজ্যিক যানবাহনের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি করিডোর এবং স্থানীয় অর্থনীতির জন্য চালিকাশক্তি হিসেবে কাজ করে। নিউ ইয়র্ক মহামারী কাটিয়ে আরো শক্তিশালী হয়ে গড়ে উঠছে এবং নিউ ইয়র্কবাসীদের এবং দেশীয় ও আন্তর্জাতিক অতিথিদের উপযুক্ত 21 শতকের সর্বাধুনিক অবকাঠামো প্রদান করছে।"

ফ্রুওয়ে অথরিটির (Thruway Authority) এক্সিকিউটিভ ডিরেক্টর ম্যাথিউ জে. ড্রিসকল বলেন, "একটি আধুনিক পরিবহন ব্যবস্থা তৈরি করতে ফ্রুওয়ে অথরিটি নিরাপত্তা ও নির্ভরযোগ্যতা বৃদ্ধি করতে এবং রাস্তা ও সেতুগুলো উন্নত করতে টোল থেকে প্রাপ্ত ডলার অব্যাহতভাবে ও কৌশলগত উপায়ে পুনর্বিনিয়োগ করছে। মোট 46 মিলিয়ন ডলারের এই দুইটি

প্রকল্প শুধু এই বছরেই স্টেটব্যাপী প্রকল্পগুলোর জন্য ফ্রুওয়ের প্রদান করতে যাওয়া 397 মিলিয়ন ডলারেরও বেশি অনুদানের একটি অংশ মাত্র।"

**স্টেট সিনেটর এড র্যাথ বলেন,** "আমাদের অবকাঠামো ও সড়কগুলোতে বিনিয়োগ করা অত্যন্ত গুরুত্বপূর্ণ। আমাদের রক্ষণ শীতকালের কারণে আমাদের আপস্টেট সড়কগুলো প্রায়শ মেরামত করার প্রয়োজন হয়ে থাকে। এই দুইটি প্রকল্প আমাদের মধ্যে বহু মানুষের প্রতিনিয়ত ব্যবহার করে যাওয়া I-90 এর দীর্ঘ একটি অংশকে ব্যাপকভাবে উন্নত করবে। আমাদের স্থানীয় সড়কগুলোতে এই বিনিয়োগ হচ্ছে দেখে আমি আনন্দিত।"

**অ্যাসেম্বলি সদস্য স্টিভ হাউলি বলেন,** "আমাদের অর্থনীতি আমাদের সড়কগুলোর মাধ্যমে চলমান থাকে, তাই এটি একটি চমৎকার ব্যাপার যে সড়কে নতুন করে আস্তরণ বসানোর এসব প্রকল্পের কল্যাণে এই অতি গুরুত্বপূর্ণ সড়কপথগুলো অধিকতর নিরাপদ এবং আরো বেশি কার্যক্ষম হয়ে উঠতে যাচ্ছে। গিনিস কাউন্টি ও এরি কাউন্টিতে হাইওয়ের এসব অংশের উন্নয়ন নিশ্চিতভাবে আমাদের কমিউনিটিগুলোকে সেগুলোর সমস্ত সুযোগ-সুবিধা উপভোগ করার জন্য কাজে লাগানো ব্যক্তিদের জন্য বসবাস ও কর্মসংস্থানের জন্য অধিকতর নিরাপদ স্থানে পরিণত করতে সাহায্য করবে।"

গিনিস কাউন্টিতে ফ্রুওয়েতে (I-90) এক্সিট 47 (রেচেস্টার - লিরয় - I-490 - NY রুট 19) থেকে এক্সিট 48 (বাটাভিয়া - NY রুট 98)-এর মধ্যবর্তী 15.5 মাইল দীর্ঘ অংশে 23.4 মিলিয়ন ডলারের একটি পেভমেন্ট উন্নয়ন প্রকল্পের কাজ চলমান রয়েছে। I-90 এর এই অংশে প্রতিদিন আনুমানিক 39,000 গাড়ি চালক ভ্রমণ করে থাকেন।

এই প্রকল্পে সম্পূর্ণ ও আংশিক গভীরতা মেরামতের পাশাপাশি সম্পূর্ণ পেভমেন্ট নতুন আস্তরণ বসানোও অন্তর্ভুক্ত রয়েছে। সেইসাথে, এক্সিট 47 ও এক্সিট 48-এ উঠা ও নামার র্যাম্পের পাশাপাশি এক্সিট 47-এর কমিউটার পার্ক এবং রাইড লট পেভমেন্টে নতুন আস্তরণ বসানোর কাজ সম্পন্ন করা হবে। বর্ধিত নিরাপত্তার জন্য আলো প্রতিফলিত করা লাইন স্ট্রাইপও প্রয়োগ করা হবে।

অ্যাক্রন, NY-এর কোল্ড স্প্রিং কনস্ট্রাকশন কোম্পানি (Cold Spring Construction Company) এই প্রকল্পের কন্ট্রাক্টর। 2023 সালের গ্রীষ্মকালে কাজ শেষ হবে বলে প্রত্যাশা করা হচ্ছে।

গিনিস ও এরি কাউন্টিতে I-90 এ উভয় দিকে এক্সিট 48 (বাটাভিয়া - NY রুট 98) থেকে এক্সিট 48A (পেমরোক - মেডিনা - NY রুট 77)-এর মধ্যবর্তী 11 মাইল দীর্ঘ অংশে পেভমেন্ট উন্নয়নের জন্য 22.9 মিলিয়ন ডলারের একটি প্রকল্পের কাজ এই মাসে শুরু হওয়ার সময় নির্ধারিত রয়েছে। I-90 এর এই অংশ দিয়ে প্রতিদিন আনুমানিক 40,000 গাড়ি চালক ভ্রমণ করে থাকেন।

এই প্রকল্পে এক্সিট 48A এর র্যাম্প সহ I-90 এ উভয় দিকে সম্পূর্ণ গভীরতা মেরামত এবং নতুন করে আস্তরণ বসানো অন্তর্ভুক্ত রয়েছে। I-90 সংলগ্ন পূর্বমুখী মাইলপোস্ট 397.67 এ ভার্টিকাল ক্লিয়ারেন্স উন্নয়নের কাজও করা হবে।

এলমা, NY-এর ওকগ্রোভ কনস্ট্রাকশন (Oakgrove Construction) এই প্রকল্পের কন্ট্রাক্টর। 2023 সালের হেমন্তকালে কাজ শেষ হবে বলে প্রত্যাশা করা হচ্ছে।

নির্মাণকাজ চলাকালীন সময়ে গাড়ি চালকরা লেন পরিবর্তন ও লেন বন্ধ থাকা অবস্থার সম্মুখীন হতে পারেন। বিভিন্ন ধরনের বার্তাযুক্ত সাইনগুলো মোটরযান চালকদের নির্মাণকাজ সম্পর্কে অবহিত করবে। এই কাজ আবহাওয়ার উপর নির্ভরশীল এবং পরিবর্তন সাপেক্ষ।

ভ্রমণকারীরা [thruway.ny.gov](http://thruway.ny.gov) ভিজিট করে থ্রুওয়ে অথরিটির [ফ্রি মোবাইল অ্যাপ](#) ডাউনলোড করতে পারেন এবং ট্রাফিক সংক্রান্ত তথ্য ও রিয়েল-টাইম ট্রাফিক আপডেট পেতে [ট্রান্সঅ্যালার্টস \(TRANSalerts\)](#) এর জন্য সাইন-আপ করতে পারেন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে [www.governor.ny.gov](http://www.governor.ny.gov) -এ  
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418